দৈনিক ইত্তেফাক

তারিখ 17 NOV 1991 ...
পৃষ্ঠা ২২ ... কলাম ... ৫ ...

29

14

# রাজশাহী বিআইটি খোলার দাবী

ইত্তেফাক রিপোর্ট ।। রাজশাহীর বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজী (বিআইটি) অবিলম্বে খুলিয়া দেওয়ার জন্য ছাত্র সংসদের সাধারণ সম্পাদক ও বেশ কয়েক-

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিআইটি

(শেষপৃঃ পর )

জন সাধারণ ছাত্র সরকারের প্রতি আবেদন জানাইয়াছেন। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলা হয় যে, বিআইটিতে গত ২৩শে জুলাই সংঘটিত এক অপ্রীতিকর ঘটনার পর ইন্সটিটিউটটি অনির্দিষ্ট সময়ের জন্য বন্ধ ঘোষণা করা হয়। এই ঘটনার জের হিসাবে সংঘর্ষ শহরময় ছড়াইয়া পড়িলে রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। পরে রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়রের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সর্বদলীয় সভার পর বিশ্ববিদ্যালয় সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দেওয়া হয়। কিন্তু বিআইটি'র গভর্নিং বডি, ছাত্র ও শিক্ষকদের সাথে আলাপ-আলোচনায় ইন্সটিটিউট খোলার পরিবেশ সৃষ্টি করা হইলেও আজও ইহা খোলার নির্দেশ দেওয়া হয় নাই।

সংসদের সাধারণ সম্পাদক আবদুল বাতেন সিকদার, ৪র্থ বর্ষের ছাত্র হাবিবুর রহমান ও শাহজালাল মনি, ৩য় বর্ষের ছাত্র রাশেদ তানভির ইসলাম, খালেদ মাহমুদ ও নাজমুল হুদা, ২য় বর্ষের ছাত্র হাবিবুল্লাহ ভুইয়া এবং ১ম বর্ষের ছাত্র মিজানুর রহমান সাংবাদিকদের জানান, বিআইটির ছাত্রদের ইতিমধ্যে অপূরণীয় ক্ষতি হইয়া গিয়াছে। তাই আর কাল বিলম্ব না করিয়া সরকারের উচিত ইন্সটিটিউট খোলার পদক্ষেপ গ্রহণ করা। তাহারা প্রশ্ন তোলেন সরকারের নিকট এত আবেদন নিবেদনের পরও কেন সিদ্ধান্ত গ্রহণে এই দীর্ঘ সুত্রিতা।